2

দৈনিক ইনকিলাব

তারিখ ... 18 NOV. 1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৫ .....

## ডিগ্রী (পাস) বিশেষ পরীক্ষা ১৯৯৭-এর প্রকাশিতব্য ফলাফল প্রসঙ্গে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী (পাস) বিশেষ পরীক্ষা-১৯৯৭, জুন ১৯৯৮ তারিখে শুরু হয়ে রচনামূলক পরীক্ষাসহ ব্যবহারিক পরীক্ষাগুলো ইতিমধ্যে দেশের প্রায় সকল কলেজে সম্পন্ন হয়েছে। জানা মতে, এই পরীক্ষার বেশীর ভাগ পরীক্ষার্থী ১৯৯৪-১৯৯৫ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রী। সেই অনুযায়ী তারা ১৯৯৬ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় প্রথম অংশগ্রহণ করেছিল। ১৯৯৬ সালের পরীক্ষায় যারা ২য় বিভাগ, ৩য় বিভাগ সমপরিমাণ নম্বর পেয়েও যে কোন একটি বিষয়ে মাত্র এক, দুই বা তিন নম্বরের জন্য অকৃতকার্য হয়েছিল, তারা ১৯৯৭ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার মাত্র ২ মাস আগে ফলাফল পায়। তাছাড়া ১৯৯৭ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় ইংরেজীকে (১০০ নম্বরের) বাধ্যতামূলক বিষয় করে দেওয়া হয়। মাত্র দুই মাসে নব্য সংশোধিত একটি বিষয় পড়ে পরীক্ষা দেওয়া বেশীর ভাগ ১৯৯৬ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রীর পক্ষে অসম্ভব হয়ে পড়ে। যার ফলে ১৯৯৭ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় ১৯৯৬ সালের অকৃতকার্য অধিকাংশ পরীক্ষার্থীই অংশগ্রহণ করেনি। আমরা জানি, একটি রেজিস্ট্রেশনে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে তিনবার পরীক্ষা দেওয়া যায়। এমতাবস্থায় ১৯৯৭ সালের ডিগ্রী (পাস) বিষয়ে পরীক্ষার পরীক্ষার্থীরা ১৯৯৮ সালের ডিগ্রী (পাস) পরীক্ষায় অংশ নিতে পারবে না। দ্বিতীয়বার পরীক্ষা দিয়েও যদি কোন পরীক্ষার্থী অকৃতকার্য হয়, তবে তার মানসিক অবস্থা সহজেই অনুমেয়। তাছাড়া এই বিশেষ পরীক্ষার সময় শতাব্দীর শেষ বিশ্বকাপ ফুটবলের জন্য (অনিচ্ছাসত্ত্বেও) সকল পরীক্ষার্থীর পড়ালেখার অপূরণীয় ক্ষতিসাধন হয়েছে। যদি বিশেষ পরীক্ষা ১৯৯৭-এর ফলাফল পরীক্ষার্থীর অংশগ্রহণকৃত প্রথম ডিগ্রী (পাস) পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রাপ্ত নম্বরকে দৃষ্টিতে রেখে প্রস্তুত করা হয় (যদি পূর্বের পরীক্ষায় এক বিষয়ে মাত্র এক, দুই বা তিন নম্বরের জন্য অকৃতকার্য হয়ে থাকে) তাহলে তৃতীয়বার (যদি দ্বিতীয়বারও অকৃতকার্য হয়) পরীক্ষার প্রস্তুতির কঠিন পরিশ্রমের, আর্থিক ক্ষতির, সামাজিক ও মানসিক ভারসাম্যহীনতার হাত থেকে ছাত্র-ছাত্রীরা রক্ষা পাবে। এমতাবস্থায় পরীক্ষার্থীর পূর্বের ডিগ্রী (পাস) পরীক্ষার অকৃতকার্য বিষয়ের নম্বর দৃষ্টিতে রেখে ও সকল দিক বিবেচনা করে এই বিশেষ পরীক্ষা ১৯৯৭ ইং-এর ফলাফলে পাসের হার উল্লেখযোগ্য পরিমাণ বাড়ানোর জন্য জাতীয় বিশ্ববিদ্যা[illegible] ঊর্ধ্বতন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

—মুহাম্মদ উল্লাহ্ পলাশ, পরীক্ষার্থী বিএসসি (পাস) [illegible] পরীক্ষা ১৯৯৭, ছাত্র, বিএসসি (পাস) ঢাকা কলেজ, ঢাকা।